



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ শীর্ষক আলোচনা সভা ও তথ্যচিত্র প্রদর্শন অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন শেখ হাসিনার সরকারের লক্ষ কোটি টাকার প্রকল্প বাস্তবায়নে চট্টগ্রাম আজ নান্দনিক আলোকিত নগরীও।

চট্টগ্রাম-২৪ ডিসেম্বর ২০১৮

চট্টগ্রামের উন্নয়নের অগ্রযাত্রায় শেখ হাসিনা লক্ষ কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করেছেন। এই অগ্রযাত্রা চলমান রাখতে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সমৃদ্ধির প্রতীক নৌকার বিজয় ছাড়া আর কোন বিকল্প নেই। আজ সকালে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) চট্টগ্রাম কেন্দ্র আয়োজিত চট্টগ্রাম উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ শীর্ষক আলোচনা সভা ও প্রতিবেদন সম্বলিত তথ্যচিত্র প্রদর্শন অনুষ্ঠিত চট্টগ্রামের উন্নয়নের সাথে সংশ্লিষ্ট ১০টি সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের পক্ষ থেকে উন্নয়ন কর্মকর্তাদের তথ্যচিত্র প্রদর্শনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এ কথাগুলো বলেন। তিনি আরো বলেন চট্টগ্রাম ঐতিহ্যগতভাবে দক্ষিণ-পূর্ব এশিয়ার অর্থনৈতিক উন্নয়নের স্বপ্ন-সম্ভাবনার স্বর্ণ দুয়ার। এই দুয়ারের প্রবেশ পথ চট্টগ্রাম বন্দর। এই বন্দর দিয়ে অর্জিত হয় দেশের ৮০ভাগ অর্থনৈতিক আয়। চট্টগ্রামের অবকাঠামোগত উন্নয়ন নিশ্চিত হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন ও প্রত্যাশার রূপকল্প বাস্তবায়িত হবে। চট্টগ্রাম আজ আলোকিত নগরী। বিশেষ অতিথির ভাষনে চট্টগ্রাম ওয়াসার চেয়ারম্যান প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ বলেন একটি মহা পরিকল্পনার আওতায় চট্টগ্রাম ওয়াসার কর্মকর্তা পরিচালিত হচ্ছে। পানি শোধনাগার সহ উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনায় প্রকল্পগুলো বাস্তবায়নের পথে। চট্টগ্রাম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী প্রবীর কুমার সেন বলেছেন, বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে চট্টগ্রাম অঞ্চলগুলোর গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে অব্যাহত প্রয়াস প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসার ধন্য। বিদ্যুৎ ঘাটটি অতীত বিষয়। ভবিষ্যৎ হলো একটি আলোকিত বাংলাদেশ। চট্টগ্রাম বন্দরের সদস্য প্রকৌশল কমডোর খন্দকার আখতার হোসেন বলেন, চট্টগ্রাম বন্দরের অপারেশন কার্যক্রম অতীতের রেকর্ডকে ছাড়িয়ে গেছে। অত্যাধুনিক সরঞ্জাম সংযোজনের ফলে বন্দরের সক্ষমতা শতভাগ বৃদ্ধি পেয়েছে। কর্ণফুলী বহুমুখি টানেল প্রকল্পের পরিচালক প্রকৌশলী হারুনুর রশীদ চৌধুরী বলেছেন কর্ণফুলি টানেল পরিবর্তনের উজ্জ্বল প্রতিস্থাপন। এই প্রকল্পটি বাস্তবায়নে শতভাগ সক্ষমতা আমাদের রয়েছে। স্বাগত বক্তব্যে আইইবি চট্টগ্রাম কেন্দ্রের সম্মানী সম্পাদক প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক বলেন আজকের এ আয়োজন চট্টগ্রামের উন্নয়নের দালিলিক উপস্থাপনা। এর মধ্য দিয়ে আমরা নিজেদের সম্ভাবনা জাগিয়ে তুলছি। সভাপতির ভাষনে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) চট্টগ্রাম কেন্দ্রের চেয়ারম্যান অধ্যাপক ড. প্রকৌশলী রফিকুল আলম বলেন, চট্টগ্রামের উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আখাঙ্গা প্রতিফলিত হয়েছে। চট্টগ্রামকে আধুনিক নগরী হিসেবে গড়ে তুলতে এক গুচ্ছ মহা প্রকল্প বাস্তবায়িত হয়েছে। আরো কিছু বাস্তবায়নাধীন আছে। সব মিলিয়ে চট্টগ্রাম এখন অবহেলিত নয়। সকল উন্নয়নের রূপকার। আইইবি চট্টগ্রাম কেন্দ্রের সম্মানী সম্পাদক প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক এর সঞ্চালনায় অনুষ্ঠিত চট্টগ্রাম উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ শীর্ষক আলোচনা সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন আইইবি চট্টগ্রাম কেন্দ্রের ভাইস চেয়ারম্যান প্রকৌশলী প্রবীর কুমার দে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে বক্তব্য রাখেন চসিক প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের পক্ষে প্রধান প্রকৌশলী জসিম উদ্দিন চৌধুরী, বাংলাদেশ রেলওয়ে(পূর্ব) চট্টগ্রামের পক্ষে প্রকৌশলী বোরহান উদ্দিন(ডিআরএম), কেজিডিসিএল চট্টগ্রামের পক্ষে প্রকৌশলী অনুপম দত্ত, বিটিসিএল চট্টগ্রাম অঞ্চলের জিএম প্রবাল কুমার শীল প্রমুখ। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম ওয়াসা, বাংলাদেশ রেলওয়ে, কর্ণফুলি গ্যাস ডিষ্ট্রিবিউশন লি.(কেজিডিসিএল), বিতরণ দক্ষিণ অঞ্চল (বিউবো), চট্টগ্রাম কর্ণফুলী টানেল প্রকল্পের উন্নয়ন মূলক তথ্য চিত্র উপস্থাপন করেন বন্দর কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী সাইফুল হাসান চৌধুরী। অনুষ্ঠানের শুরুতেই ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধে সকল বীর শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট দাড়িয়ে নিরবতা পালন করা হয় এবং জাতীয় সঙ্গীতের মাধ্যমে চট্টগ্রাম উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ শীর্ষক আলোচনা সভার সূচনা হয়।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন